Poush 27, 1425 Bangla, January 10, 2019 Thursday, No. 10 49th year

H I G H L I G H T S

1st session of 11th JS will start on 30th of this month - President will give inaugural speech on 1st day of house. (R. Tehran: 7)

President Abdul Hamid urges businessmen to create employment for youth while inaugurating month-long 24th DITF at BICC in capital. (R. Today: 11)

Today is historic Homecoming day of the Father of the nation Bangabandhu Sheikh Mujibur Rahman - marking the day PM Sheikh Hasina placed wreath at Bangabandhu's portrait in capital. (R.Today: 11)

Law Minister says, govt. has taken initiative to amend ICT act to try Jamaat as an organisation for committing crimes against humanity during Liberation War in 1971. (BBC: 3)

New Foreign Minister says, country will maintain strong economic diplomacy with India & China & establish steady partnership with neighbors. (R. Today: 10)

JP Chairman HM Ershad & Co-chairman GM Quader have been elected as leader & deputy leader of opposition in parliament respectively. (R. Today: 11)

RMG workers' protests over disparity in their wages turn violent despite Commerce Minister's assurance to resolve the issue within 1 month. (VOA: 6)

Meanwhile, BNP SG severely denounces & protests death of one RMG worker by police during demonstration. (R. Tehran: 7)

BNP candidate Abdus Sattar Bhuiyan for Brahmanbaria-2 has won parliamentary constituency after re-voting in 3 centres. (R. Today: 10)

2 more drug peddlers have been killed in a gunfight with police in Cox's Bazar. (R. Today: 11)

US President Donald Trump has walked out of a meeting with Democratic leaders as negotiations broke down on the 19th day of a government shutdown. (BBC: 12)

পৌষ ২৭, ১৪২৫ বাংলা, জানুয়ারি ১০, ২০১৯ বৃহস্পতিবার, নং-১০, ৪৯ বছর

শিরোনাম

একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি। রাষ্ট্রপতির উদ্বোধনী ভাষণের মাধ্যমে যাত্রা শুরু হবে একাদশ জাতীয় সংসদের। (রেডিও তেহরান: ৭)

বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলার উদ্বোধন করে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ তরুণদের জন্য নতুন কর্মসংস্থান তৈরিতে ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়েছেন। (রেডিও টুডে: ১১)

জাতির জনক বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ। এ উপলক্ষ্যে ধানমন্ডির ৩২ নম্বরে বঙ্গবন্ধুর প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। (রেডিও টুডে: ১১)

আইনমন্ত্রী জানিয়েছেন ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে জামায়াতে ইসলামীর বিচারের জন্য তারা আইন সংশোধনের উদ্যোগ নিয়েছেন। (বিবিসি: ৩)

পররাষ্ট্রমন্ত্রী অর্থনীতি প্রশ্নে ভারত ও চীনের সঙ্গে শক্ত কূটনৈতিক অবস্থান অনুসরণের ইঙ্গিত দিয়ে বলেন, তার মূল লক্ষ্য গুরুত্বপূর্ণ দেশগুলোর সঙ্গে শক্তিশালী অর্থনীতি কূটনীতি অনুসরণ করা বিশেষ করে প্রতিবেশীদের সঙ্গে। (রেডিও টুডে: ১০)

জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদকে বিরোধী দলীয় নেতা এবং কো-চেয়ারম্যান জি. এম. কাদেরকে সংসদের বিরোধী দলীয় উপ-নেতা করে প্রজ্ঞাপণ জারি করেছে জাতীয় সংসদ সচিবালয়। (রেডিও টুডে: ১১)

একমাসের মধ্যে মজুরি কাঠামো বৃদ্ধিসহ অন্যান্য দাবি-দাওয়া মেটানোর ব্যাপারে বাণিজ্যমন্ত্রীর দেয়া আশ্বাসের পরেও ঢাকার বিভিন্ন স্থানে গার্মেন্টস শ্রমিকরা ৪র্থ দিনের মত বিক্ষোভ করে এবং পুলিশের সাথে সংঘর্ষে লিপ্ত হয়। (ভোয়া: ৬)

এদিকে, পোশাক শ্রমিকদের বিক্ষোভ চলাকালে পুলিশের গুলিতে একজন শ্রমিক নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছে বিএনপির মহাসচিব। (রেডিও তেহরান: ৭)

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে গোলযোগের কারণে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের স্থগিত ৩টি কেন্দ্রে পুনঃভোট গ্রহণের পর ভোট গণনায় বেসরকারি ফলাফলে বিজয়ী হয়েছেন বিএনপি প্রার্থী আবদুল সাত্তার ভুঁইয়া। (রেডিও টুডে: ১০)

কক্সবাজারের টেকনাফে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে দুই মাদক বিক্রেতা নিহত হয়েছে। (রেডিও টুডে: ১১)

বিবিসি বাংলা

জামায়াতে ইসলামীর বিচারের জন্য আইন সংশোধনের উদ্যোগ নিচ্ছে সরকার

বাংলাদেশের আইনমন্ত্রী আনিসুল হক আজ জানিয়েছেন ১৯৭১ সালের স্বাধীনতা যুদ্ধের সময় মানবতাবিরোধী অপরাধের অভিযোগে জামায়াতে ইসলামীর বিচারের জন্য তারা আইন সংশোধনের উদ্যোগ নিয়েছেন। বিবিসি বাংলাকে দেওয়া এক সাক্ষাৎকারে আইনমন্ত্রী জানিয়েছেন ইতোমধ্যে তারা এ সংক্রান্ত আইনের খসড়া তৈরী করেছেন এবং শিগগিরই মন্ত্রী পরিষদে অনুমোদনের জন্য পেশ করা হবে। উল্লেখ্য ১৯৭১ সালের মানবতাবিরোধী অপরাধের দায়ে জামায়াতে ইসলামীর বেশ কয়েকজন নেতার মৃত্যুদণ্ড কার্যকর করা হয়েছে। অন্য কয়েকজন এখনো সাজা খাটছেন। আইনমন্ত্রী আনিসুল হকের কাছে আমি জানতে চেয়েছিলাম যুদ্ধাপরাধীদের বিচারের পর আবার কেন দল হিসেবে জামায়াতে ইসলামীর বিচারের এই উদ্যোগ ?

আইনমন্ত্রী: জামায়াতে ইসলাম যুদ্ধপরাধের সাথে জড়িত। এটা আদালতের একটা রায়ে বেরিয়ে এসেছে। তখন জামায়াতে ইসলাম যে যুদ্ধাপরাধ করেছে সেই অভিযোগে বিচার করার একটা দাবি উঠেছিল। যখন দাবিটা উঠেছিল তখন দেখা গেছে যে ইন্টারন্যাশনাল ক্রাইম ট্রাইব্যুনাল এ্যাক্ট যে আইনটা সে আইনে আমাদের দেশে মানবতা বিরোধী অপরাধে বিচার করা যায় না। কারণ ১৯৭৬ সালে এই আইনটা সংসদ পাশ করে। কিন্তু ১৯৭২ সালে আমাদের সংবিধানে ধর্মভিত্তিক কোন রাজনেতিক দল হতে পারবে না এই কথা লেখা থাকায় জামায়াতে ইসলাম তখনই কিন্তু নিষিদ্ধ হয়ে গিয়েছিল। সেই কারণে এবং এই ৩টা রায়ের প্রেক্ষিতে এই জামায়াতে ইসলামকে যুদ্ধাপরাধ বা মানবতা বিরোধী অপরাধে বিচার করার যে দাবি সেটা আইনের আওতায় আনার একটা প্রক্রিয়া শুরু হয়েছে। তখন আমি বলেছিলাম দুটো কথা। প্রথম কথাটা হচ্ছে যে আইন আছে সে আইনে বিচার করা যায় না। দ্বিতীয় কথা যেটা বলেছিলাম সেটা হচ্ছে যে জামায়াত ইসলামকে নিষিদ্ধ করার জন্য এই আইনটা সংশোধন করা হবে। এই আইনটা আমরা সংশোধন করছি। এটা এখনো মন্ত্রীপরিষদ সভায় অ্যাপ্রুভ হয় নাই।

বিবিসি: তারা মাঠে আপনারা এটার খসড়া তৈরী করেছেন ?

আইনমন্ত্রী: হ্যাঁ। এখন এটা আমরা খুব শিগগিরই হাসিনার অনুমতি নিয়ে আমরা সেটা মন্ত্রীপরিষদে অ্যাপ্রুভালের জন্য প্লেস করবো।

বিবিসি: এই উদ্যোগটা আপনারা এখন কেন নিচ্ছেন ? আপনি বলছিলেন যে এই খসড়া আগেই তৈরী করেছেন ?

আইনমন্ত্রী: সকল সরকারই চায় তাদের অস্পূর্ণ কাজগুলো পরের মেয়াদে শেষ করতে। আমরা ঠিক সেই ধারাবাহিকতায় আমাদের জনগণের কাছে যেসব অঙ্গীকার ছিল তার মধ্যে এই মানবতা বিরোধী অপরাধীদের বিচার করার অঙ্গীকার মাননীয় প্রধানমন্ত্রীর ও দলীয় ইশতেহারে আছে। সেই কারণে আমরা এটা অসম্পূর্ণ কাজ বলে এখন সেটা সম্পূর্ণ করতে চাইছি।

বিবিসি: এই যে বিচারের উদ্যোগটা নিয়েছে, আপনারা একটা খসড়াও তৈরী করেছেন। সেই খসড়া আইনে কিভাবে বিচারের কথা বলা হচ্ছে? দলটিকে বিচারের কাঠগড়ায় দাড় করানো হবে নাকি দলের সাথে যুক্ত নেতাদের বিচার করা হবে?

আইনমন্ত্রী: নিশ্চয়ই দলকে দাঁড় করানো হবে। দলের যারা রেসপনসিবল তাদেরকেও দাঁড় করানো হবে।

বিবিসি: এরকম বিচারের নজির কি পৃথিবীর অন্যান্য দেশে আছে ?

আইনমন্ত্রী: আমি যতদূর জানি এরকম দলকে বিচারের কাঠগড়ায় দাড় করানো হয়েছে এরকম নজির বোধ হয় খুঁজতে হবে। আমি সম্পূর্ণটা জানি না। (বিবিসি: ১৯:৩০ ঘ: ০৯/০১/১৯ সোনিয়া/কোহিনূর)

মন্ত্রীত্ব না পাওয়ায় হতাশা দেখা দিয়েছে ১৪ দলীয় জোটের শরীকদের মধ্যে

বাংলাদেশে শেখ হাসনার নেতৃত্বে নবগঠিত মন্ত্রীসভায় আওয়ামীলীগের রাজনৈতিক মিত্র ১৪ দলীয় জোটের কেউ না থাকায় অনেকে বেশ অবাক হয়েছেন। বিষয়টি নিয়ে শরীক দলগুলোর কোন কোন নেতার হতাশাও স্পষ্ট হয়ে উঠেছে। এ অবস্থায় এসব দলের ভেতর কি চিন্তাভাবনা চলছে শুনুন আকবর হোসেনের প্রতিবেদনে।

বাংলাদেশের ইতিহাসে সবচেয়ে দীর্ঘ সময় ধরে তথ্যমন্ত্রী থাকার রেকর্ড জাসদের সভাপতি হাসানুল ইনুর। ২০১২ সালের সেপ্টেম্বর মাসে টালমাটাল রাজনৈতিক পরিস্থিতির প্রেক্ষাপটে মন্ত্রীসভায় স্থান পান তিনি। সেই থেকে একটানা ৭ বছর তথ্য মন্ত্রণালয়ে ছিলেন। একই অবস্থা ওয়ার্কাস পার্টির সভাপতি রাশেদ খান মেননেরও। তিনি প্রায় ৭ বছর মন্ত্রী ছিলেন। যদিও এক মন্ত্রণালয়ে ছিলেন না। এবারের মন্ত্রীসভা গঠনের আগে অনেকেই ধারণা করেছিলেন যে হাসানুল হক ইনু এবং রাশেদ খান মেনন অবধারিতভাবে মন্ত্রীসভায় থাকবেন। ওয়ার্কাস পার্টির সভাপতি রাশেদ খান মেনন বলছেন জোটের শরীকদের কেউ মন্ত্রীসভায় স্থান না পাওয়ায় তিনি চিন্তিত না হলেও বেশ অবাক হয়েছেন,

(স্বকণ্ঠে) ঃ আমরা যখন জোটটা করি তখন দায়িত্ব বেশি ছিল। একসঙ্গে আন্দোলন, নির্বাচন, সরকার গঠন এটা একটা দিক ছিল। আমরা মনে করি দেশ ঠিক থাকা উচিত। অসাম্প্রদায়িক গণতান্ত্রিক যে ধারা ফিরে আসলো সেটাকে আপন করে আমরা সামনে এগিয়ে যাবো। জাসদ নেতা হাসানুল হক ইনুকে নিয়ে সবচেয়ে বেশি আলোচনা হচ্ছে। নতুন মন্ত্রীসভা শপথ নেবার আগে থেকেই তিনি অনেকটা আড়ালে চলে গেছেন। গণমাধ্যমের সাথেও কোন কথা বলছেন না। এমনকি শপথ গ্রহণ অনুষ্ঠানেও বঙ্গভবনে দেখা যায়নি তাকে। মন্ত্রীসভায় স্থান না পাওয়ায় তার হতাশা অনেকটা স্পষ্ট হয়ে উঠেছে বলে মনে করেন অনেকেই। কিন্তু দলটির সাধারণ সম্পাদক শিরীন আক্তার বলছেন মন্ত্রীসভায় স্থান না পেলেও আওয়ামী লীগের সাথে তাদের সম্পর্কের কোন রদবদল হয়নি,
(স্বকণ্ঠে) ঃ আমরা জোটেই আছি, চিন্তা করার কোন কারণ নেই। আমরা যখন জোটটা বেধেছি তখন একটি রাজনৈতিক কারণে জোট বেঁধেছি। সেটা হলো বাংলাদেশকে মুক্তিযুদ্ধের চেতনায়, উন্নয়নের ধারায়, শান্তির ধারায় এগিয়ে নিয়ে যাওয়ার জন্য। জঙ্গীবাদ, সাম্প্রদায়িকতার বিরুদ্ধে রুখে দাড়ানো, যুদ্ধাপরাধীদের অপকর্মের বিরুদ্ধে রুখে দাড়ানো এবং এ আদর্শকে কেন্দ্র করে আমরা এক যুগেরও বেশি আমরা কাজ করছি। সুতরাং আমি মনে করি আজকে এ মুহুর্তে আমাদের জোটের কেউ মন্ত্রী নেই বলে জোট না থাকবার কোন কারণ নেই।
২০০৯ সালে আওয়ামী লীগ যখন সরকার গঠন করে তখন তাদের রাজনৈতিক শরীকদের মধ্য থেকে সাম্যবাদী দলের দিলীপ বড়ুয়াকে মন্ত্রীসভায় অর্ন্তভূক্ত করা হয়েছিল। সে সময় ১৪ দলীয় জোটের অন্য শরীক দলগুলো বিশেষ করে ওয়ার্কার্স পার্টি এবং জাসদ সরকারের নানা সমালোচনায় মুখর ছিল। কিন্তু ২০১২ সালের শেষে দিকে যখন তাদের মন্ত্রীসভায় অন্তভুক্ত করা হয় তখন শেখ হাসিনার শরীকদের হাতে গুরুত্বপূর্ণ মন্ত্রণালয় ছেড়ে দিয়েছিল। এ নিয়ে আওয়ামী লীগের ভেতরেও এক ধরনের অসন্তোষ ছিল। আওয়ামী লীগ নেতারা চেয়েছিল দলের ভেতর থেকেই মন্ত্রীসভায় বেশি স্থান দেয়া হোক এবং গুরুত্বপূর্ণ মন্ত্রণালয়গুলো তাদের হাতেই থাকুক। রাজনৈতিক বিশ্লেষক মহিউদ্দিন আহমেদ মনে করেন বর্তমান মন্ত্রীসভায় স্থান করে নেয়ার জন্য আওয়ামী লীগের সাথে দর কষাকষির অবস্থানে নেই ১৪ দলীয় জোটের শরীক দলগুলো,
(স্বকণ্ঠে) ঃ বিশেষ করে ২০০৮ এর নির্বাচন এবং তারপর ২০১৪ সালে যখন একটি প্রশ্নবিদ্ধ নির্বাচন হলো তখন কিন্তু আওয়ামী লীগ ক্রমাগত বিএনপিকে আইসোলেট করতে পেরেছে। তখন আওয়ামী লীগ-এর বলবো আমি একচেটিয়া মনোপলি। জোট সঙ্গীদের আগের যে চাহিদা বা আবেদন সেটা এই অর্থে নেই। আর তাদের চাপ দেয়ার মতো কোন শক্তি, সক্ষমতা নেই। যেহেতু তারা সংখ্যায় খুব কম। তারপরও বলা যায় না, পরবর্তীতে হয়তো দু'একজন অন্তর্ভুক্ত হতেও পারেন। তবে এ মুহুর্তে সরকারের উপর এমন কোন চাপ নেই।
২০১৪ সালের নির্বাচনের পর জাসদের মধ্যে ভাঙ্গনের কারণে দলটি আরও দুর্বল হয়েছে বলে মনে করেন পর্যবেক্ষকরা। হাসানুল হক ইনুর সঙ্গে মতপার্থক্যের জের ধরে জাসদের আর একটি অংশ গঠন করা হয় যেখানে আছেন মঈনুদ্দিন খান বাদল। মন্ত্রীত্বের বিষয়টি নিয়ে খুব একটা চিন্তিত নন মি. বাদল,
(স্বকণ্ঠে) ঃ আমি এটাকে আশান্বিত হওয়ার মতো কোন বিষয় মনে করিনা। এটা প্রধানমন্ত্রীর এখতিয়ার। বিশেষ কেউ কেউ মন্ত্রী না হলে সাথে সাথে পান থেকে চুন খসে পড়লো না। এভাবে মন্তব্য করা তো ঠিক না।
রাজনৈতিক পর্যবেক্ষকদের অনেকেই মনে করছেন মন্ত্রীসভায় স্থান না পেলেও সেটি নিয়ে খুব বেশি সমালোচনায় মুখর হয়তো হবে না ১৪ দলীয় জোটের শরীকরা। কারণ ভবিষ্যতে কোন সম্ভাবনা তৈরী হয় কিনা সেদিকেই তারা তাকিয়ে থাকবো। (বিবিসি: ১৯:৩০ ঘ: ০৯/০১/১৯ রিহাব/কোহিনূর)

দলীয় নেতা-কর্মীদের বিএনপির পরামর্শ

বাংলাদেশের টেলিভিশন অনুষ্ঠান এবং টক শোতে যাওয়ার ক্ষেত্রে সতর্ক হওয়ার জন্য দলীয় নেতাদের পরামর্শ দিয়েছে বিএনপি। দলটির পক্ষ থেকে এ বিষয়ে একটি গাইড লাইন তৈরি করারও উদ্যোগ নেয়া হয়েছে। এ বিষয়ে খোঁজ নিচ্ছিলেন ঢাকায় বিবিসির সাইদুল ইসলাম। তার কাছে আমি জানতে চেয়েছিলাম টকশোর ব্যাপারে বিএনপির সিনিয়র নেতারা একটি বৈঠক করেছেন। সেখানে তাদের মধ্যে আলোচনার পর একটি সিদ্ধান্ত নেয়া হয়েছে যে দলটির নেতা-কর্মীদের জন্য টেলিভিশন টকশোতে অংশ নেয়ার ক্ষেত্রে একটি নীতিমালার মত তৈরি করা হবে। সেখানে তারা কোন টেলিভিশন অনুষ্ঠানে বিশেষ করে টকশোতে যাবার ক্ষেত্রে যেন বিশেষভাবে সতর্ক হন। যখন তারা এসব টকশোতে যাবেন তার আগে যেন বিষয়বস্তু ভাল ভাবে জেনে, বুঝে এবং তথ্য উপাত্ত নিয়ে সেখানে যান যাতে দল হিসেবে তারা বিএনপিকে সেখানে ঠিকমত তুলে ধরতে পারেন। দলের পক্ষ থেকে একটি কমিটিও গঠন করা হয়েছে। যে কমিটি এসব টকশো বা টেলিভিশন অনুষ্ঠানগুলো পর্যবেক্ষণ করবেন এবং দলের নেতাদের জন্য প্রয়োজনীয় তথ্য পরিসংখ্যান ইত্যাদি দিয়ে সহায়তা করবেন।

বিবিসি: টেলিভিশন টকশোর ব্যাপারে বিএনপির মধ্যে হঠাৎ করে এরকম উদ্বেগের কারণ কি। কেন তাদের এরকম একটি সিদ্ধান্ত নিতে হল?

মি. ইসলাম : বিএনপি নেতারা বলছেন যেহেতু তাদের বক্তব্য বা প্রচারণা গণমাধ্যমে ঠিকমত আসছে না কারণ তাদের মতে কয়েকটি টেলিভিশন চ্যানেলের ভূমিকা বা তাদের সঞ্চালকদের আচরণ তাদের কাছে পক্ষপাতদুষ্ট বলে মনে হয়েছে। তাই তারা বলছেন যে এসব অনুষ্ঠানে যথেষ্ট প্রস্তুতি ছাড়া না যাওয়া বা তাদের মুখোমুখি হওয়ার যে দক্ষতা রয়েছে সেটি ছাড়া যদি তারা সেখানে যান সেই ক্ষেত্রে অনেক সময় দলের নেতা-কর্মীদের জন্য বিভ্রান্তিকর পরিস্থিতির তৈরি হচ্ছে এবং ভাবমূর্তি ক্ষুণ্ন হচ্ছে। কিন্তু তারা মনে করছেন এসব টকশোগুলো তাদের নিজেদের এবং দলকে তুলে ধরার একটি বড় মাধ্যম যেহেতু যেটি সরাসরি প্রচারিত হচ্ছে। তাই তারা চাইছেন তাদের দলটির নেতাকর্মীদের যেন যেখানে যথেষ্ট প্রস্তুতি নিয়ে যান যাতে তারা তথ্য, উপাত্ত, পরিসংখ্যান বা উদাহরণ দিয়ে দলকে ঠিক মত তুলে ধরতে পারেন। বিশেষ করে নির্বাচনের অনিয়ম নিয়ে তাদের যে অভিযোগ আছে সেগুলো যেন সেখানে ঠিকমত তুলে ধরা যায় সেটির উপর তারা জোর দিতে চাইছেন।

বিবিসি: বিএনপির এই যে সিদ্ধান্ত টকশোর ব্যাপারে এটি তো কেবল তাদের দলের নেতা কর্মীদের ব্যাপারে। বিএনপিপন্থী বলে পরিচিত যারা এসব টকশোতে যান তাদের ক্ষেত্রেও কি এটি প্রযোজ্য হবে?

মি. ইসলাম : না, তাদের ক্ষেত্রে ঠিক এটি প্রযোজ্য হবে না। তারা বলছেন যে তাদের এই নীতিমালাটি মূলত তাদের দলের নেতা-কর্মীদের জন্যই। তবে নাম প্রকাশে অনিচ্ছুক দলটির নেতারা আমাকে এটিও জানিয়েছেন যে বিএনপি বলে পরিচিত যে সব বুদ্ধিজীবী বা সাংবাদিকরা বিভিন্ন টেলিভিশন অনুষ্ঠান বা টকশোতে অংশ নেন তাদের সঙ্গেও তারা ব্যক্তিগতভাবে যোগাযোগ করছেন এবং দলের এই সিদ্ধান্তটি তাদেরকে জানিয়ে দিয়েছেন। তারা যদি বিএনপির কাছে তথ্য উপাত্ত চেয়ে যোগাযোগ করে তাহলে এই যে কমিটি গঠন করা হয়েছে সেখান থেকে তাদেরকেও সহায়তা করা হবে। (বিবিসি: ১৯:৩০ ঘ: ০৯/০১/১৯ প্রতীক/আশরাফ)

কোন সংগঠনের বিচার করার প্রয়োজনীয়তা এখন তেমন নেই: আহমেদ জিয়া উদ্দীন

১৯৭১ সালে বাংলাদেশে মুক্তিযুদ্ধের সময় সংগঠিত মানবতা বিরোধী অপরাধের বিচারের জন্য এক বিশেষ আন্তর্জাতিক ট্রাইব্যুনাল গঠন করা হয়েছিল। বিচারের পর জামায়াতে ইসলামীর ৫ জন শীর্ষ নেতার মৃত্যুদণ্ড ইতোমধ্যেই কার্যকর করা হয়েছে। অন্য কয়েকজন এখনো সাজা খাটছেন কিন্তু যুদ্ধাপরাধ বা মানবতা বিরোধী অপরাধের জন্য কোন দল বা সংগঠনের বিচারের সুযোগ আন্তর্জাতিক আইনে কতটা রয়েছে, এ প্রশ্ন নিয়ে কথা বলেছিলাম ব্রাসেলসে আন্তর্জাতিক আইন বিশেষজ্ঞ আহমেদ জিয়া উদ্দীনের সাথে।

মি. জিয়া উদ্দীন: যখন ২০০৯ সালে এ আইনটি সংশোধন করা হয়েছিল এবং পরবর্তীতে ২০১৩ সালে যখন সংশোধিত হয়েছিল তখনই আইনের মধ্যে একটি ধারা ঢুকানো হয়েছিল তাদের বিচার করা যেতে পারে। তার ভেতরে সংগঠন শব্দটি ঢুকানো হয়েছে। কাজেই আইনটি প্রথম থেকে ব্যক্তি ও সংগঠনের বিচারের মুখোমুখি করার জন্যই তৈরি করা হয়। কাজেই সংগঠনের বিচার করার বিধান কিন্তু নতুন নয়।

বিবিসি: বাংলাদেশে যাতে কোন সংগঠনের বিচার করা যায় সেটার আইন তৈরি করা হয়েছে কিন্তু যুদ্ধাপরাধের বিচার সংক্রান্ত যে আন্তর্জাতিক আইনগুলো রয়েছে সেখানে কোন সংগঠনের বিচারের সুযোগ রয়েছে আন্তর্জাতিক আইনে।

মি. জিয়া উদ্দীন: শুধু সুযোগ নয়, অতীতে এরকম উদাহরণও রয়েছে। দ্বিতীয় মহাযুদ্ধের পরই জার্মান ওয়ার্কার্স পার্টি এবং জার্মান ন্যাশনাল সোস্যালিস্ট পার্টি তাদের একটি সিকিউরিটি সার্ভিসেস ছিল সেগুলো এবং জার্মান নাজি পার্টি, নাজি পার্টিকে অবশ্য 'এবলিশ' করে দিয়েছিল তারা কিন্তু বাকি দু'টি সংগঠনকে আন্তর্জাতিক মিলিটারি ট্রাইব্যুনালে যেটাকে আমরা ন্যুরেমবার্গ ট্রাইব্যুনাল বলে থাকি সেই বিচারের অধীনে কিন্তু সংগঠনেরও বিচার হয়েছিল।

বিবিসি: এটা তো আপনি দ্বিতীয় বিশ্বযুদ্ধের সময়কার একটি দৃষ্টান্ত আপনি বলছিলেন এর পরবর্তীতে আর কোন দৃষ্টান্ত কি রয়েছে?

মি. জিয়া উদ্দীন: এরকম করে সংগঠনকে ঐভাবে বিচার করার খুব একটা প্রয়োজন এখন পড়ে না অনেক ক্ষেত্রে। কারণ তারা সংগঠনকে নিষিদ্ধ করে দেয় ফলে ঐ সংগঠনটির সাথে কোন সংশ্লিষ্টতা অপরাধ বলে পরিগণিত হয়।

বিবিসি: যখন একটি সংগঠনের বিচার হয় এর ফলে আসলে কী ঘটে অর্থাৎ ঐ সংগঠনটির ফিউচার কী হয় বা সংগঠনটির ক্ষেত্রে কী বলা হয় এসব বিচারে। দৃষ্টান্তে কী দেখা গেছে?

মি. জিয়া উদ্দীন: এই সংগঠনটিকে নিষিদ্ধ ঘোষণা করা হতে পারে। এই সংগঠনটিকে আইনের দৃষ্টিতে একেবারে 'নাল' বলে ঘোষণা দেয়া যেতে পারে তার সমস্ত স্থাবর অস্থাবর যা সম্পত্তি আছে, সেই সম্পত্তিগুলোকে তারা বাজেয়াপ্ত করতে পারে। এই ধরনের সংগঠনের কোন ধরনের কোন সংশ্লিষ্টতা, সদস্যপদ থেকে শুরু করে লিডারশিপ বা অন্যান্য

কোন ধরনের কোন সংশ্লিষ্টতাকে আইন বিরোধী কাজ হিসাবে ধরে নেয়া যেতে পারে, অপরাধ হিসাবে ধরে নেয়া যেতে পারে। এটায় অনেক কিছুই করা হতে পারে যেটা শুধুমাত্র সংগঠন সংশ্লিষ্ট।

বিবিসি: এই যে যুদ্ধাপরাধীদের বিচারের উদ্যোগ যখন নেয়া হয়েছিল এর আগে, সেই সময়ে অনেকে এর একটা সমালোচনা করে বলেছিলেন যে, এই বিচারের নামে রাজনৈতিক প্রতিপক্ষকে নির্মূল করার একটা প্রচেষ্টা চলছে। এখন একটি দলের বিচার করতে গেলে জামায়াতে ইসলামীর বিচার করতে গেলে সেই ধরনের অভিযোগ নতুন করে আবার কতটা উঠবে বলে মনে হয়?

মি. জিয়া উদ্দীন: এটা তো বিচার করতে গেলে উঠতেই পারে এবং এটা উঠাটা অস্বাভাবিক না। কিন্তু মনে রাখতে হবে সেটা হলো যে এটা কী আসলে জামায়াতে ইসলামী, জামায়াতে ইসলামী হিসেবে কাঠগড়ায় দাঁড়াচ্ছে, নাকি জামায়াতে ইসলাম একটা অপরাধী সংগঠন হিসাবে একটা ক্রিমিনাল অর্গানাইজেশন হিসাবে দাঁড়াচ্ছে এবং আরো একটা ব্যাপার যেটা মানুষকে বুঝতে হবে যে কেন দেশে আরো শত শত রাজনৈতিক দল আছে। কাউকেই তো এই আইনের অধীনে বিচার করা হচ্ছে না। সুতরাং ১৯৭১ তাদের যদি কোন ভূমিকা না থাকতো এই সংগঠনের, এই অপরাধ যদি তারা না ঘটাতো তাহলে তো আজকের এই দিনটা তাদেরকে দেখতে হয় না। কাজেই এটা শুধুমাত্র ১৯৭১ সালে এই সংগঠনের আন্তর্জাতিক অপরাধমূলক কর্মকাণ্ডের জন্যই এই সংগঠনটাকে বিচারের কাঠগড়ায় দাঁড়াতে হচ্ছে।

(বিবিসি: ০৭:৩০ ঘ. ১০/০১/১৯ আছাদ/এলিনা/নারগীস)

বাংলাদেশের কোন সন্ত্রাসী সংঘটনের ঘাঁটি নেই : পররাষ্ট্র মন্ত্রণালয়

বাংলাদেশে আরাকান আর্মির এবং আরসার ৩টি ঘাঁটি রয়েছে বলে মিয়ানমার সরকারের মুখপাত্রের বরাত দিয়ে যেসব খবর প্রকাশিত হয়েছে তার প্রতিবাদ জানিয়েছে বাংলাদেশের পররাষ্ট্র মন্ত্রণালয়। এক বিবৃতিতে দেশটি জানিয়েছে ঐ অভিযোগ পুরেপুরি বানোয়াট ও ভিত্তিহীন। দেশটির সতকর্তা ও নিরাপত্তা বাহিনীর পদক্ষেপের কারণে বাংলাদেশের কোথাও বসে সন্ত্রাসী চালানো সম্ভব নয়। কারণ প্রতিবেশী দেশের বিরুদ্ধে এ ধরনের কর্মকাণ্ড চালানোর জন্য কাউকে সুযোগ দেয় না বর্তমান সরকার। গত ৪ঠা জানুয়ারী মিয়ানমারের স্বাধীনতা দিবসে রাখাইনে ৪টি পোস্টে বৌদ্ধ বিদ্রোহীদের হামলায় দেশটির নিরাপত্তা বাহিনীর ৭ জন সদস্য নিহত হয়।

(বিবিসি: ০৭:৩০ ঘ. ১০/০১/১৯ আছাদ/হেলাল)

ভয়েস অফ আমেরিকা

৪র্থ দিনের মতো গার্মেন্টস শ্রমিকদের বিক্ষোভ অব্যাহত: ১ জন নিহত

বাংলাদেশে ৪র্থ দিনের মতো গার্মেন্টস শ্রমিকদের বিক্ষোভ অব্যাহত রয়েছে। এখন পর্যন্ত ১ জন নিহত হওয়ার খবর পাওয়া গেছে। ঢাকা থেকে আমির খসরুর বার্তা:

এক মাসের মধ্যে মজুরি কাঠামো বৃদ্ধিসহ অন্যান্য দাবি-দাওয়া মেটানোর ব্যাপারে মঙ্গলবারে দেয়া বাণিজ্যমন্ত্রীর আশ্বাসের পরেও ঢাকার অদূরের সাভার, আশুলিয়া, গাজীপুরে বিক্ষুব্ধ গার্মেন্টস শ্রমিকরা ৪র্থ দিনের মতো বুধবারে দিনভর বিক্ষোভ, ঢাকার সাথে আরিচা, ময়মনসিংহ ও টাঙ্গাইল মহাসড়ক অবরোধ এবং দফায় দফায় পুলিশের সাথে সংঘর্ষে লিপ্ত হয়েছে। ঢাকার মিরপুরেও বিক্ষোভের খবর পাওয়া গেছে।

এদিকে, পুলিশ বুধবার তাদের ভাষায় পরিস্থিতি শান্ত করতে বেদম লাঠিপেটা এবং বেশকিছু কাঁদানে গ্যাস ছুঁড়েছে। এতে ১০ জনের মতো পুলিশসহ কমপক্ষে ৪০ জন আহত হয়েছে। কমপক্ষে ১০টি গার্মেন্টস কারখানা ভাঙচুরের ঘটনা ঘটেছে। সাভার, আশুলিয়াসহ ঐ এলাকায় শতাধিক গার্মেন্টস কারখানা সাময়িক বন্ধ ঘোষণা করে দেয়া হয়। পরিস্থিতি শান্ত করতে সীমান্তরক্ষী বাহিনী - বিজিবি সদস্যদের মোতায়েন করা হয়েছে। এদিকে, সুমন মিয়া নামে সাভারে আন্দোলনরত একজন গার্মেন্টস শ্রমিক মঙ্গলবার পুলিশের গুলিতে নিহত হয়েছেন বলে নিহতের পরিবার এবং শ্রমিক সংগঠনগুলো দাবি করেছে। (ভোয়া: ২২:০০ ঘ. ০৯/০১/১৯ ফারুক/নারগীস)

জামায়াতে ইসলামীর বিচারে আইসিটি আইন সংশোধনের উদ্যোগ নেয়া হচ্ছে

বাংলাদেশে মুক্তিযুদ্ধের সময় মানবতা বিরোধী অপরাধের দায়ে জামায়াতে ইসলামীর বিচারের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন সংশোধনের উদ্যোগ নেয়া হয়েছে। ঢাকা থেকে মতিউর রহমান চৌধুরী:

আইনমন্ত্রী আনিসুল হক জানিয়েছেন, আইনের খসড়া প্রস্তুত, প্রধানমন্ত্রী সবুজ সংকেত দিলেই খসড়াটি মন্ত্রিসভায় উপস্থাপনের জন্য পাঠানো হবে।

আইনমন্ত্রী (স্বকণ্ঠে): যারা যুদ্ধাপরাধী, যারা মানবতাবিরোধী, অপরাধী ব্যক্তি, তাদেরকে বিচার করার জন্য তখন এ আইনটা জামায়াতের বিচার করার জন্য করা হয়নি। তার কারণ হচ্ছে ১৯৭২ সালে যখন সংবিধান প্রণীত হয়, তখন জামায়াতকে অলরেডি Banned করে দেয়া হয়েছিল।

আইনমন্ত্রী বলেন, যুদ্ধাপরাধীদের বিচার হয়েছে এবং চলমান রয়েছে। কিন্তু রাজনৈতিক দল হিসেবে জামায়াতের বিচার করা যায় কি না, সেজন্যই এ আইন সংশোধনের প্রয়োজন রয়েছে। সাড়ে চার বছর আগে সরকার জামায়াতের বিচারের জন্য আইন সংশোধনের উদ্যোগ নিয়েছিল। আইনমন্ত্রী আরো জানিয়েছেন, বঙ্গবন্ধু হত্যা ও জেলহত্যার নেপথ্যে ষড়যন্ত্রকারীদের শনাক্ত করতে কমিশন গঠনের উদ্যোগ নেয়া হচ্ছে।
(ভোয়া: ২২:০০ ঘ. ০৯/০১/১৯ ফারুক/নারগীস)

রেডিও তেহরান

বাংলাদেশের একাদশ সংসদের প্রথম অধিবেশন বসছে আগামী ৩০ জানুয়ারি

বাংলাদেশে নবনির্বাচিত একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি। এ সম্পর্কে আরো জানাচ্ছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আবদুর রহমান খান:

বাংলাদেশের নবনির্বাচিত একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি। এটি হবে নতুন সংসদের শীতকালীন অধিবেশন। দেশের সংবিধান অনুযায়ী নির্বাচনের ফল গেজেট আকারে প্রকাশের ৩০ দিনের মধ্যে সংসদের প্রথম বৈঠক বসার বাধ্যবাধকতা রয়েছে। বর্তমান ১০ম সংসদের মেয়াদ শেষ হবে ২৮ জানুয়ারি। সংবিধানের ৭৪ অনুচ্ছেদ অনুযায়ী নতুন সংসদের প্রথম অধিবেশনের প্রথম বৈঠকে স্পিকার ও ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। এছাড়া ৩০ জানুয়ারি সংসদের প্রথম অধিবেশনে রাষ্ট্রপতি সংসদে সরকারের বিভিন্ন উন্নয়নমূলক কর্মকাণ্ড তুলে ধরে বক্তব্য রাখবেন। রাষ্ট্রপতির ভাষণের মাধ্যমে যাত্রা শুরু হবে একাদশ জাতীয় সংসদের। এদিকে, একাদশ জাতীয় সংসদ নির্বাচনের পর চতুর্থ বারের মতো প্রধানমন্ত্রীর দায়িত্ব গ্রহণ এবং নতুন মন্ত্রিসভা গঠন শেষে আজ বুধবার দুপুর ১২টায় মন্ত্রিপরিষদের সদস্য ও আওয়ামী লীগ নেতাদের নিয়ে টুঙ্গিপাড়ায় বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। এ সময় সশস্ত্র বাহিনী প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে গার্ড অব অনার প্রদান করেন। শ্রদ্ধা নিবেদন শেষে বঙ্গবন্ধুর রূহের মাগফেরাত কামনা করে ফাতেহা পাঠ ও বিশেষ মোনাজাত করা হয়। এর আগে সকালে প্রধানমন্ত্রী শেখ হাসিনা ঢাকা থেকে হেলিকপ্টারযোগে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় পৌঁছান। মন্ত্রী, প্রতিমন্ত্রী ও উপমন্ত্রীরা বাসে চড়ে টুঙ্গিপাড়ায় যান।
(রে. তেহরান : ২০:৩৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/নারগীস)

গার্মেন্টস শ্রমিকদের সমস্যা ১ মাসের মধ্যে সমাধান করবেন সরকার

আন্দোলনরত পোশাক শ্রমিকদের আগামী একমাসের মধ্যে সমস্যা সমাধানের আশ্বাস দিয়ে শ্রমিকদের কাজে যোগ দেয়ার আহবান জানিয়েছেন বাংলাদেশের বাণিজ্যমন্ত্রী টিপু মুন্সী। এদিকে, পুলিশের গুলিতে এক শ্রমিক নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। এ সম্পর্কে প্রতিবেদন করেছেন ঢাকা থেকে আমাদের বিশেষ প্রতিনিধি আব্দুর রহমান খান:

বেতন কাঠামোতে বৈষম্য দূর করা সহ বিভিন্ন দাবিতে আন্দোলনরত পোশাক শ্রমিকদের আগামী এক মাসের মধ্যে সমস্যা সমাধানের আশ্বাস দিয়ে শ্রমিকদের কাজে যোগ দেয়ার আহবান জানিয়েছেন বাণিজ্যমন্ত্রী টিপু মুন্সী। আজ বুধবার সচিবালয় নিজের দপ্তরে এক জরুরি সংবাদ সম্মেলনে বাণিজ্যমন্ত্রী বলেছেন,

(স্বকণ্ঠে): শ্রমিকদের থেকে ৫ জন নেতা এবং গার্মেন্টস মালিক পক্ষ থেকে ৫ জন নেতা এই ১০ জন, শ্রম সেক্রেটারি এবং আমাদের বাণিজ্য সেক্রেটারি উনারা বসে যদি কোথাও কোন অনিয়ম থাকে সেগুলো ঠিক করে এক মাসের মধ্যে রিপোর্ট করবে। সেটা যেটা করা হবে তাতে যদি কারো বেতন বাড়ে, সে টাকাটা দেয়া হবে। শ্রমিকদের প্রতি আহ্বান তারা যেন তাদের কর্মক্ষেত্রে ফিরে যায়।

সাংবাদিকদের এক প্রশ্নের জবাবে তিনি বলেন, প্রতিশ্রুতি দেয়ার পরও কারখানা ভাঙচুর কোন অবস্থাতেই গ্রহণযোগ্য নয়। এ ধরনের আন্দোলনে অনেক সময় বাইরের উসকানি থাকে। সে বিষয়টি সরকার কঠোরভাবে মনিটর করছে। এর আগে গতকাল রাজধানীর শ্রম ভবনে সরকার, মালিক ও শ্রমিকদের ত্রিপক্ষীয় একটি বৈঠকে বিশৃঙ্খলা সৃষ্টিকারী ব্যক্তিদের বিরুদ্ধে কঠোর ব্যবস্থা নেয়ারও হুশিয়ারী দেয়া হয়। এসময় শ্রমমন্ত্রী মুন্নুজান সুফিয়ান এক মাসের মধ্যে শ্রমিকদের সমস্যা সমাধানের আশ্বাস দেন,

(স্বকণ্ঠে): একমাসের মধ্যে এর সমাধান হবে এবং জানুয়ারি মাসের ১লা তারিখ থেকে তা কার্যকর হবে। কোন শ্রমিকের মজুরি কমবে না, কিন্তু ভাঙচুর চলবে না।

উল্লেখ্য বেতন কাঠামোতে বৈষম্য দূর করাসহ বিভিন্ন দাবিতে ৬ জানুয়ারি থেকে আন্দোলন করছে বাংলাদেশের পোশাক শ্রমিকরা। আন্দোলনের এক পর্যায় গতকাল সাভারে পুলিশের গুলিতে ১ জন শ্রমিক নিহত হয়। এদিকে, মজুরি বৃদ্ধির দাবির সাথে সাভারে নিহত শ্রমিক হত্যার বিচারের দাবি যুক্ত করে আজ চতুর্থ দিনের মতো সড়ক

অবরোধ করে আন্দোলনে নেমেছে গার্মেন্টস শ্রমিকরা। বুধবার সকাল সাড়ে ৮টা থেকে মিরপুরে এবং সাভারে ঢাকা-আরিচা মহাসড়কের বিভিন্ন পয়েন্টে অবস্থান নিয়ে বিক্ষোভ করেছে শ্রমিকরা। এছাড়া গাজীপুর, আশুলিয়া, উত্তরা ও দক্ষিণখানের বিভিন্ন জায়গায় শ্রমিকরা অবস্থান নিয়ে বিক্ষোভ করেছে। এতে যানবাহন চলাচল বন্ধ হয়ে জনভোগান্তির সৃষ্টি হয়। গাজীপুরের বিভিন্ন এলাকায় গত কয়েকদিন ধরে শ্রমিক অসন্তোষের প্রেক্ষিতে পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে চার প্লাটুন বিজিবি মোতায়েন করা হয়েছে। এদিকে, আজ সাভার ও আশুলিয়ায় বিক্ষোভে নামে অন্তত ৭০টি পোশাক কারখানার শ্রমিক। পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে সাভার ও আশুলিয়ার পোশাক কারখানার সামনে পুলিশের পাশাপাশি বর্ডার গার্ড বাংলাদেশ বা বিজিবি মোতায়েন করা হয়েছে। এছাড়া বেশ কয়েকটি কারখানা ছুটি ঘোষণা করেছে মালিকপক্ষ। পোশাক শ্রমিকদের বিক্ষোভ চলাকালে পুলিশের গুলিতে একজন শ্রমিক নিহত হওয়ার ঘটনায় তীব্র নিন্দা ও প্রতিবাদ জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। আজ বুধবার এক বিবৃতিতে তিনি বলেছেন, মহাভোট জালিয়াতির পর সরকার আরো বেশি বেপরোয়া হয়ে উঠেছে। শ্রমিকদের ন্যায্য দাবি দাওয়া নিয়ে মিছিলের সময় একজন শ্রমিক গুলিতে নিহত হওয়ার ঘটনা দেশে বিরাজমান নৈরাজ্যের প্রতিচ্ছবি। অধিকার আদায়ের জন্য প্রতিবাদী মানুষের নিরাপত্তা এখন সঙ্কটাপন্ন হয়ে পড়েছে।(রে. তেহরান:২০:৩৫ঘ.০৯/০১/১৯ সাইফুর/নারগীস)

রেডিও জাপান

২০১৮ সাল জুড়ে বিশ্ব জুড়ে ভ্রমণে মারা গেছে সাড়ে চার হাজারের বেশি লোক: জাতিসংঘ

অভিবাসন বিষয়ক আন্তর্জাতিক সংস্থা জানিয়েছে যে, ২০১৮ সালে বিশ্বজুড়ে ভ্রমণশীল পদগুলোতে সাড়ে চার হাজারের বেশি লোক মারা গেছেন বা নিখোঁজ হয়েছেন। নিখোঁজ অভিবাসী সংক্রান্ত এই প্রতিবেদনটি সংস্থা গতকাল প্রকাশ করে। প্রতিবেদনে বলা হয় যে, কমপক্ষে ৪৫৯২ জন শরণার্থী এবং অভিবাসী সফরকালে মারা গেছেন বা নিখোঁজ হয়ে গেছেন। তবে ২০১৭ সালের তুলনায় এই সংখ্যা ৬ হাজারেরও বেশি হ্রাস পেয়েছে। অভিবাসনের চেষ্টা করছে এমন লোকজনের সংখ্যা হ্রাস পাওয়াকেই সংস্থা এর পেছনে কারণ হিসেবে উল্লেখ করে। ভূ-মধ্যসাগরে ২২৯৭ জন মারা গেছেন বলে প্রতিবেদনে জানানো হয়। মার্কিন যুক্তরাষ্ট্র ও মেক্সিকোর সীমান্তে প্রাণ হারিয়েছেন ৩৯৩ জন।
(রে. জাপান: ২১:০০ঘ. ০৯/০১/১৯ এলিনা/নারগীস)

রেডিও এবিসি

জামায়াতের বিচারের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনালের আইন সংশোধন করা হবে: আইনমন্ত্রী

মুক্তিযুদ্ধকালে মানবতা বিরোধী অপরাধে জামায়াতে ইসলামীর বিচারের জন্য আন্তর্জাতিক অপরাধ ট্রাইব্যুনাল আইন সংশোধনের ফের উদ্যোগ নিচ্ছে আইন মন্ত্রণালয়। আইনমন্ত্রী আনিসুল হক বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা নিয়ে এই আইনের খসড়া ফের মন্ত্রিপরিষদ বিভাগে পাঠানো হবে, যাতে মন্ত্রিসভার উপস্থাপনা করা হবে। দ্বিতীয় মেয়াদে আইনমন্ত্রীর দায়িত্ব পাওয়ার পর আজ বুধবার দুপুরে আনিসুল হক নিজ মন্ত্রণালয়ে সাংবাদিকদের প্রশ্নের জবাবে এসব কথা বলেন। (রেডিও এবিসি: ১৫:০০ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

দুই শিশু হত্যার ঘটনা স্বীকার করেছে মোস্তফা ও আজিজুল

রাজধানীর ডেমরায় দুই শিশুকে ধর্ষণে ব্যর্থ হয়ে তাদের হত্যা করেছে গোলাম মোস্তফা ও আজিজুল বাওয়ানী। পুলিশ বলেছে, আজ বুধবার দুপুরে মোস্তফা ও আজিজুল বিষয়টি স্বীকার করেছে। এদিকে এই দুই শিশু হত্যার ঘটনা তদন্তে কমিটি গঠন করেছে জাতীয় মানবাধিকার কমিশন। (রেডিও এবিসি: ১৮:০০ঘ. ০৯/০১/১৯ প্রতীক/আলি)

বেগম জিয়ার স্বাস্থ্যের বিষয়ে রিজভীর উদ্বেগ প্রকাশ

বিএনপি চেয়ারপারসন খালেদা জিয়ার স্বাস্থ্যের বিষয়ে উদ্বেগ প্রকাশ করেছেন দলটির জ্যেষ্ঠ যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। আজ এক সংবাদ সম্মেলনে তিনি এই অভিযোগ করেন। খালেদা জিয়ার সাথে দেখা করার নির্ধারিত সময়ের এক সপ্তাহ পরে গতকাল মঙ্গলবার নিকট আত্মীয়রা দেখা করার অনুমতি পেয়েছিলেন। এখানে খালেদা জিয়া অসুস্থ।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ০৯/০১/১৯ প্রতীক/আলি)

শুরু হয়েছে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা

রাজধানীর শেরে বাংলা নগরে আজ বুধবার থেকে শুরু হয়েছে ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা। বিকেলে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ মেলার উদ্বোধন করেন। মেলা চলবে ৮ ফেব্রুয়ারি পর্যন্ত।
(রেডিও এবিসি: ১৮:০০ঘ. ০৯/০১/১৯ প্রতীক/আলি)

রেডিও টুডে

জাতির পিতার সমাধিতে শ্রদ্ধা নিবেদন করলেন প্রধানমন্ত্রী ও মন্ত্রিপরিষদের সদস্যরা

টানা তৃতীয় মেয়াদে সরকার গঠনের পর আজ গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের সমাধিতে ফাতেহা পাঠ ও ফুলের শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। দুপুরে নবগঠিত মন্ত্রিপরিষদের সদস্যদের নিয়ে জাতির জনকের সমাধিতে পুষ্পস্তবক অর্পণ করেন তিনি। এ সময় প্রধানমন্ত্রীর ছোট বোন শেখ রেহানাও তার সাথে ছিলেন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

বিএনপি আন্দোলন ও নির্বাচন ব্যর্থ: ওবায়দুল কাদের

বিএনপি আন্দোলন ও নির্বাচন দুটোতে ব্যর্থ হয়েছে মন্তব্য করে আওয়ামী লীগের সাধারণ সম্পাদক, সড়ক পরিবহন ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, আন্দোলন ও নির্বাচনে পরাজিতদের নতুন করে বিশ্বাস করার কিছু নেই। সকালে গোপালগঞ্জের টুঙ্গিপাড়ায় যাওয়ার পথে মুন্সিগঞ্জের শিমুলিয়া ফেরী ঘাটে তিনি সাংবাদিকদের একথা বলেন। এ সময় ওবায়দুল কাদের বলেন, বিরোধীরা আইনসঙ্গতভাবে যে কোন কর্মসূচি দিতে পারে। তবে আন্দোলন যদি সহিংসতার পথে যায় তাহলে ব্যবস্থা গ্রহণ করা হবে। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

সারা দেশে আওয়ামী লীগ ব্যাপক সহিংসতা চালাচ্ছে: রুহুল কবির রিজভী

নির্বাচনের পর আওয়ামী লীগ সারাদেশে ব্যাপক সহিংসতা চালাচ্ছে বলে অভিযোগ করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী। সকালে নয়াপল্টনে দলের কেন্দ্রীয় কার্যালয়ে নিয়মিত সংবাদ সম্মেলনে তিনি বলেন, নিষ্ঠু দমনে গণতন্ত্রের ভিত সম্পূর্ণভাবে ধ্বসে গেছে। এ সময় যোগ্য প্রার্থী না দেয়ায় নির্বাচনে বিএনপির ভরাডুবি হয়েছে প্রধানমন্ত্রীর এমন বক্তব্যকে নিষ্ঠুর রসিকতা বলে মন্তব্য করেন রিজভী।
(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

মজুরি কাঠামোর জন্য বিক্ষোভ অব্যাহত রেখেছে গার্মেন্টস শ্রমিকরা

সরকার নতুন মজুরি কাঠামো পর্যালোচনার জন্য কমিটি করে দিলেও টানা ৪র্থ দিনের মতো রাজধানী ঢাকা ও এর আশেপাশের এলাকায় বিক্ষোভ করেছেন পোশাক শ্রমিকরা। সকাল থেকে বিভিন্ন পোশাক কারখানার কর্মীরা রাজধানীর মিরপুর কালশী এলাকার রাস্তায় অবস্থান নিয়ে বিক্ষোভ করে। বিক্ষোভ ও সড়ক অবরোধের চেষ্টার খবর পাওয়া গেছে ঢাকা দক্ষিণখান ও সাভার থেকেও। রাজধানী পল্লবী থানা পুলিশ জানিয়েছে, শ্রমিকরা সকাল ৯টার দিকে ২২তলা গার্মেন্টসের সামনে জড়ো হয়ে বিক্ষোভ শুরু করে। পরে তারা সড়কে অবস্থান নিলে যান চলাচল বন্ধ হয়ে যায়। তবে পুলিশ শ্রমিকদের বুঝিয়ে পরিস্থিতি স্বাভাবিক করার চেষ্টা করছে। এদিকে সকাল ৮টার দিকে ঢাকার অদূরে আশুলিয়ার মেট্রো নিটিং অ্যান্ড ডাইংয়ের একটি এবং স্ট্যান্ডার্ড গ্রুপের তিনটি কারখানার সামনে শ্রমিকরা জড়ো হওয়ার চেষ্টা করলে পুলিশ তাদের সরিয়ে দেয়। পরিস্থিতি নিয়ন্ত্রণে রাখতে ঐ ৪টি কারখানায় আজকের জন্য ছুটি ঘোষণা করা হয়েছে। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

বিআরটিসি শ্রমিকদের ধর্মঘট প্রত্যাহার

৯ মাসের বকেয়া বেতন কয়েক কিস্তিতে পরিশোধের আশ্বাস পাওয়ার পর ধর্মঘট প্রত্যাহার করে কাজে যোগ দিয়েছে বিআরটিসির জোয়ার সাহারা ডিপোর চালক ও শ্রমিকরা। তাদের কর্মবিরতির দ্বিতীয় দিন আজ বুধবার ঢাকা মহানগর পুলিশের গুলশান বিভাগের উপ-কমিশনার মোস্তাক আহমেদ ডিপোতে গিয়ে কর্তৃপক্ষের প্রতিশ্রুতির কথা জানিয়ে শ্রমিকদের কাজে যোগ দেয়ার আহবান জানান। ডিপোর ব্যবস্থাপক মোঃ নূর-ই-আলম বলেন, আজকের মধ্যে কর্মীদের ১ মাসের বেতন পরিশোধ করা হবে। আর ৩১শে জানুয়ারির মধ্যে তারা পাবেন আরো ১ মাসের টাকা। এরপর জুলাই পর্যন্ত প্রতিমাসের বেতনের সঙ্গে ধাপে ধাপ বকেয়া টাকা পরিশোধ করবে বিআরটিসি কর্তৃপক্ষ। এই প্রতিশ্রুতি পাওয়ার পর আন্দোলনরত চালক ও শ্রমিকরা বেলা পৌনে ১২টার দিকে ধর্মঘট তুলে নেয়ার ঘোষণা দেন এবং এরপর ডিপো থেকে গাড়ি নিয়ে বের হন। (রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

রিজার্ভ চুরি মামলার তদন্ত প্রতিবেদন দাখিলের তারিখ ১০ই ফেব্রুয়ারি

বাংলাদেশ রিজার্ভ চুরির মামলার প্রতিবেদন দাখিলের তারিখ আগামী ১০ই ফেব্রুয়ারি ধার্য করা হয়েছে। ঢাকা মহানগর হাকিম সাব্বির ইয়াসিন আহসান চৌধুরী তদন্ত কর্মকর্তার প্রতিবেদন না পাওয়ায় আজ এ তারিখ ধার্য করেছেন। ঐ মামলায় আজ পুলিশের তদন্ত প্রতিবেদন দাখিলের দিন ধার্য ছিল।(রেডিও টুডে: ১৩:৪৫ঘ.০৯/০১/১৯ সাইফুর/আলি)

অর্থনীতি প্রশ্নে ভারত ও চীনের সাথে শক্ত কূটনৈতিক অবস্থানের ইঙ্গিত নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রীর

অর্থনীতি প্রশ্নে প্রতিবেশী ভারত ও চীনের সঙ্গে শক্ত কূটনৈতিক অবস্থান অনুসরণের ইঙ্গিত দিয়েছেন নবনিযুক্ত পররাষ্ট্রমন্ত্রী ড.এ.কে.আবদুল মোমেন। গতকাল ভারতীয় বার্তা সংস্থা পিপিআইকে দেয়া এক সাক্ষাৎকারে তিনি বলেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনার নির্দেশনা অনুযায়ী দৃঢ় অংশীদারিত্বের প্রতিষ্ঠা ও বিদেশী বিনিয়োগ আকৃষ্ট করার মধ্যে দিয়ে প্রতিবেশী বন্ধু রাষ্ট্রগুলোর সঙ্গে আরো কার্যকর সম্পর্ক চর্চা করবে বাংলাদেশ। পররাষ্ট্রমন্ত্রী মোমেন বলেন, তার মূল লক্ষ্য গুরুত্বপূর্ণ দেশগুলোর সঙ্গে শক্তিশালী অর্থনীতি কূটনীতি অনুসরণ করা বিশেষ করে প্রতিবেশীদের সঙ্গে। পররাষ্ট্রমন্ত্রীর এই সাক্ষাৎকার প্রসঙ্গে ভারতীয় সংবাদ মাধ্যম এনডিটিভি বলছে, ঐ বক্তব্যের মাধ্যমে মোমেন ইঙ্গিত দিয়েছেন ভারত ও চীনের সঙ্গে বন্ধুত্বের সুফল ঘরে তুলতে চাইছে বাংলাদেশ।

(রেডিও টুডে: ১৩:৪৫ঘ. ০৯/০১/১৯ সাইফুর/আলি)

একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি

একাদশ জাতীয় সংসদের প্রথম অধিবেশন শুরু হবে আগামী ৩০ জানুয়ারি। ঐ দিন বিকাল ৩টায় এ অধিবেশন আহবান করেছেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। রাষ্ট্রপতি তার সাংবিধানিক ক্ষমতাবলে আজ এ অধিবেশন আহবান করেন। নতুন সংসদের প্রথম বৈঠকে স্পিকার এবং ডেপুটি স্পিকার নির্বাচন করা হবে। এছাড়া সংসদের প্রথম এবং নতুন বছরের প্রথম অধিবেশন হিসেবে প্রথম দিনেই ভাষণ দেবেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। গত ৩০শে ডিসেম্বর অনুষ্ঠিত একাদশ জাতীয় সংসদ নির্বাচনে নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা পেয়ে সরকার গঠন করেছে আওয়ামী লীগ।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ সোনিয়া/আলি)

এইচ.এম. এরশাদকে বিরোধী দলীয় নেতা করে প্রজ্ঞাপন জারি করা হয়েছে

জাতীয় পার্টির চেয়ারম্যান হুসেইন মুহাম্মদ এরশাদকে বিরোধী দলীয় নেতা করে প্রজ্ঞাপন জারি করেছে জাতীয় সংসদ সচিবালয়। আর একইসঙ্গে প্রজ্ঞাপনে দলটির কো-চেয়ারম্যান জি.এম. কাদেরকে সংসদের বিরোধী দলীয় উপ-নেতা হিসেবে উল্লেখ করা হয়েছে। আজ বুধবার এ প্রজ্ঞাপন জারি করা হয়েছে বলে গণমাধ্যমকে জানিয়েছেন জাতীয় পার্টির চেয়ারম্যান, ডেপুটি প্রেস সেক্রেটারি খন্দকার দেলোয়ার জালানী। একাদশ জাতীয় সংসদ নির্বাচনে আওয়ামী লীগ নেতৃত্বাধীন মহাজোটের সঙ্গে নির্বাচন করে ২২টি আসন পায় জাতীয় পার্টি।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ সোনিয়া/আলি)

ব্রাহ্মণবাড়িয়া-২ আসনে স্থগিত হওয়া কেন্দ্রের ভোট গ্রহণের পর বিজয়ী হয়েছেন বিএনপি প্রার্থী

একাদশ জাতীয় সংসদ নির্বাচনে গোলযোগের কারণে ব্রাহ্মণবাড়িয়া-২ আসনের ৩টি কেন্দ্রে যে ভোট গ্রহণ স্থগিত ছিলো সেগুলো আজও আবার পুনঃভোট গ্রহণের পর ভোট গণনায় বেসরকারি ফলাফলে বিজয়ী হয়েছেন বিএনপি প্রার্থী আবদুল সাত্তার ভুঁইয়া। ধানের শীষ প্রতীকে তিনি পেয়েছেন ৮৩ হাজার ৯৯৭টি ভোট আর নিকটতম প্রতিদ্বন্দ্বী স্বতন্ত্র প্রার্থী মোহাম্মদ মইন উদ্দীন কলার ছড়ি প্রতীক নিয়ে পেয়েছেন ৭৫ হাজার ৪১৯টি ভোট। এ আসনে গত ৩০ ডিসেম্বর অনুষ্ঠিত নির্বাচনে ১২৯টি কেন্দ্রের ফলাফলে প্রতিদ্বন্দ্বী প্রার্থীর চেয়ে বড় ব্যবধানে এগিয়ে ছিলেন বিএনপি প্রার্থী। গোলযোগ এবং অনিয়মের কারণে ঐদিন ৩টি কেন্দ্রে ভোট গ্রহণ স্থগিত করে নির্বাচন কমিশন। আজ সকাল ৮টা থেকে বিকেল ৪টা পর্যন্ত একটানা এই ৩টি কেন্দ্রে আবারো ভোট গ্রহণ করা হয়। র‌্যাব, বিজিবি এবং পুলিশের কঠোর নিরাপত্তায় শান্তিপূর্ণ পরিবেশে দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ভোট দেন ৩টি কেন্দ্রের ভোটাররা। এছাড়া দলটির রাজনৈতিক জাতীয় ঐক্যফ্রন্ট জিতেছে আরো ২টি আসনে। তবে ৩০ ডিসেম্বর নির্বাচনে ভোট কারচুপি এবং ব্যাপক অনিয়মের অভিযোগে আগেই ভোটের ফলাফল এবং সংসদে যোগ না দেয়ার সিদ্ধান্ত নিয়েছে জাতীয় ঐক্যফ্রন্ট।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ সোনিয়া/আলি)

১ মাসের মধ্যে পোশাক শ্রমিকদের সমস্যার সমাধান করা হবে: বাণিজ্যমন্ত্রী

একমাসের মধ্যে পোশাক শ্রমিকদের সমস্যার সমাধান করা হবে বলে জানিয়েছেন নবনিযুক্ত বাণিজ্যমন্ত্রী টিপু মুন্সী। আজ সচিবালয়ে বাণিজ্য মন্ত্রণালয়ের সভাকক্ষে এক জরুরি সংবাদ সম্মেলনে তিনি এ কথা বলেন। এ সময়ে বাণিজ্যমন্ত্রী জানান, নতুন বেতন কাঠামোর কারণে কোন শ্রমিকের যদি বেতন কমে যায়, তাহলে তা আগামী মাসের বেতনের সাথে সমন্বয় করে পরিশোধ করা হবে। এছাড়া, সঙ্কট সমাধানে মালিক, শ্রমিক ও সরকারি প্রতিনিধির সমন্বয়ে যে ত্রিপক্ষীয় একটি কমিটি গঠন করা হয়েছে তাদের প্রতিবেদন হাতে পাওয়ার পর তৈরী পোশাক শ্রমিকদের বেতনের আর কোন সমস্যা থাকবে না বলে মনে করেন বাণিজ্যমন্ত্রী।

(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ রিহাব/আলি)

পুলিশের গুলিতে শ্রমিক নিহতের ঘটনায় নিন্দা জানিয়েছেন মির্জা ফখরুল

গার্মেন্টস শ্রমিকদের বিক্ষোভ চলাকালে পুলিশের গুলিতে এক শ্রমিক নিহতের ঘটনায় নিন্দা জানিয়েছেন বিএনপির মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। দুপুরে গণমাধ্যমে পাঠানো এক বিবৃতিতে তিনি এ নিন্দা প্রকাশ করেন। বিবৃতিতে মহাভোট জালিয়াতির নির্বাচনের পর সরকার আরো বেশি বেপরোয়া হয়েছে বলেও মন্তব্য করেন মির্জা ফখরুল। তিনি বলেন, সরকার জনবিচ্ছিন্ন হয়ে শ্রমিকদের ন্যায্য দাবিকে এখন ভয়ের চোখে দেখছে।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ রিহাব/আলি)

ফেসবুকে প্রধানমন্ত্রীকে নিয়ে আপত্তিকর মন্তব্যের অভিযোগে চট্টগ্রামে ১ ব্যক্তি গ্রেফতার

সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে প্রধানমন্ত্রী শেখ হাসিনাকে নিয়ে আপত্তিকর মন্তব্যের অভিযোগে চট্টগ্রামে তোফাজ্জল হোসেন হেলাল নামে এক ব্যক্তিকে আটক করেছে র‍্যাব। আজ ভোরে নগরীর চান্দগাঁও থানাধীন বলিরহাট এলাকায় অভিযান চালিয়ে তাকে আটক করে র‍্যাব। র‍্যাব-৭ এর চান্দগাঁও ক্যাম্পের কোম্পানির কমান্ডার মেজর মেহেদী হাসান জানান, ফেসবুকে কুরুচিপূর্ণ মন্তব্য এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদেরের ছবি বিকৃত করার অভিযোগে তোফাজ্জলকে আটক করা হয়। (রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ রিহাব/আলি)

তরুণদের জন্য নতুন কর্মসংস্থান তৈরিতে ব্যবসায়ীদের প্রতি রাষ্ট্রপতির আহবান

শুরু হলো ২৪তম ঢাকা আন্তর্জাতিক বাণিজ্য মেলা-২০১৯। বিকেলে রাজধানীর শেরে বাংলা নগরে বঙ্গবন্ধু আন্তর্জাতিক সম্মেলন কেন্দ্রে মেলার উদ্বোধন করেন রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ। উদ্বোধন অনুষ্ঠানে দেয়া বক্তব্যে রাষ্ট্রপতি তরুণদের জন্য নতুন কর্মসংস্থান তৈরিতে ব্যবসায়ীদের প্রতি আহবান জানিয়েছেন।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ প্রতীক/আলি)

শ্রমিক বিক্ষোভ চলাকালে এক সাংবাদিক পেটানোর অভিযোগ পাওয়া গেছে

শ্রমিক বিক্ষোভ চলাকালে গাজীপুরের ঢাকা-ময়মনসিংহ মহাসড়কে বেসরকারি টেলিভিশন চ্যানেল সময় টিভির গাজীপুর প্রতিনিধি মনিরুল ইসলামকে লোহার রড দিয়ে পেটানোর অভিযোগ পাওয়া গেছে। আর আহত মনিরুল অভিযোগ করেছে তিনি বারবার নিজেকে সাংবাদিক পরিচয় দেয়া সত্ত্বেও তাকে বেধড়ক পেটায় পুলিশ।
(রেডিও টুডে: ১৮:৪৫ঘ. ০৯/০১/১৯ প্রতীক/আলি)

কক্সবাজারে বন্দুকযুদ্ধে ২জন নিহত

কক্সবাজারের টেকনাফে পুলিশের সঙ্গে বন্দুকযুদ্ধে ২ ব্যক্তি নিহত হয়েছে। এসময় ঘটনাস্থান থেকে ৫টি দেশীয় অস্ত্র এবং ২২হাজার পিস ইয়াবা উদ্ধার করা হয়েছে। পুলিশ দাবি করছে নিহতরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তালিকাভুক্ত সন্ত্রাসী। নিহতরা হলো আবদুর রশীদ প্রকাশ ডাইল্যা এবং আবুল কালাম। নিহত আবদুর রশীদ টেকনাফের সাবরাং উঁচুবুনিয়া এলাকার মৃত এনাম শরীফ এবং আবুল কালাম কাটাবুনিয়ার আব্দুর রহমানের ছেলে। পুলিশ দাবি করছে এ ঘটনায় পুলিশের টেকনাফ থানার এসআই বোরহান উদ্দীন, এএসআই ফরহাদ এবং কনস্টেবল হৃদয় ঘটনাস্থলে গুলিবিদ্ধ হয়েছেন। বুধবার দিবাগত রাত দেড়টায় টেকনাফের সাবরাং এলাকায় এ ঘটনাটি ঘটে। টেকনাফ মডেল থানার ওসি প্রদীপ কুমার দাস জানান, নিহতরা স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের তালিকাভুক্ত ইয়াবা ব্যবসায়ী। এর মধ্যে আবুল কালামের বিরুদ্ধে থানায় মাদক, মানব পাচারসহ ১০টি এবং আব্দুর রশীদের বিরুদ্ধে মোট ৬টি মামলা রয়েছে থানায়।
(রেডিও টুডে: ০৮:৪৫ঘ. ১০/০১/১৯ সাইফুর/নারগীস)

বঙ্গবন্ধুর স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ

বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের ৪৭তম স্বদেশ প্রত্যাবর্তন দিবস আজ। এ উপলক্ষে ধানমন্ডির ৩২ নম্বরে জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধা নিবেদন করেছেন প্রধানমন্ত্রী শেখ হাসিনা। সকাল সাড়ে ৭টার দিকে ফুল দিয়ে তিনি এই শ্রদ্ধা জানান। পরে আওয়ামী লীগের সভাপতি হিসেবে শ্রদ্ধা নিবেদন করেন শেখ হাসিনা। এ সময় দলের জ্যেষ্ঠ নেতাদের পাশাপাশি নতুন মন্ত্রীসভার সদস্যদের অনেকেই সেখানে উপস্থিত ছিলেন। শ্রদ্ধা নিবেদন শেষে আওয়ামী লীগ সাধারণ সম্পাদক ও সড়ক পরিবহণ ও সেতুমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, দেশের উন্নয়নে বঙ্গবন্ধুর আদর্শকে ধারণ করে এগিয়ে যাবে বাংলাদেশ আওয়ামী রীগ। ১৯৭২ সালের ১০ জানুয়ারী পাকিস্তানে কারাভোগ শেষে দেশে ফিরেছিলেন অবিসংবাদিত নেতা শেখ মুজিবুর রহমান। (রেডিও টুডে: ০৮:৪৫ ঘ. ১০/০১/১৯ এলিনা/হেলাল)

BBC ENGLISH

`BYE-BYE' – TRUMP EXITS SHUTDOWN TALKS

President Donald Trump has walked out of a meeting with Democratic leaders as negotiations broke down on the 19th day of a US government shutdown. The Republican President ended talks after Nancy Pelosy and Chuck Schumer struck by their refusal to fund his planned US-Mexico broder wall. Mr. Trump called his meeting with the pair a 'total waste of time'. (BBC: 06:00 hrs. 10-01-19 Faruk/Helal)

SPANISH FAR RIGHT STRIKES LANDMARK DEAL

A coalition of rightwing parties' will rule Spanish most populous region: Andalusia, for the first time in 36-years under an deal with the far right. The conservative popular Party (PP) will rule along with the centre right citizens. The defeat of the left in the southern region has rocked Spanish politics. (BBC: 06:00 hrs. 10-01-19 Faruk/Helal)

IRAN CONFIRMS ARREST OF FORMER US SAILOR

Iran has confirmed it is holding a US citizen, the first American detained in the Islamic Republic during the Trump presidency. Former US Navy member Michael R White (46) was arrested some time ago and is being held at an Iranian prison. Spokesman Bahram Ghasemi said, US officials had immediately been made aware of the arrest. (BBC: 06:00 hrs. 10-01-19 Faruk/Helal)

EU NATIONS IN DEAL ON STRANDED MIGRANTS

Australian police have arrested a man who allegedly sent suspicious parcels to consulates and embassies in Canberra, Melbourne and Sydney. Emergency crews were called to several consulates on Wednesday after being alerted by staff. Some ppackages were reported to be tabelled asbestos. The contents of the parcels are still being identified. There were no reports of harm to staff.
(BBC: 06:00 hrs.10-01-19 Faruk/Helal)

TRUMP ESCALATES MIGRANTS WALL STAND OFF

US President Donald Trump has made his first TV address to the people from the Oval Office, escalating a stand-off with Congress that has led to an 18 day partial government shutdown. Mr. Trump insisted on funding for his long-promised border wall with Mexico. Democratic leaders accused him of holding the American people hostage. (BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

EU NATIONS IN DEAL ON STRANDED MIGRANTS

Malta has reached a deal with eight EU countries to divide up and take in 49-migrants stranded at sea for weeks. PM Josheph Mascat named them as Germany, France, Portugal, Ireland, Romania, Luxembourg, the Netherlands and Iraly. The deal means the 49 migrants, who have been stranded on charity run boats amid a row over who would talke them, can now disembark in Malta.
(BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

EX-RUSSIA INQUIRY CHIEF PLANS TO RESIGN

Top justice department official Rod Rosenstein, who oversaw the inquiry into alleged Russian meddling in 2016, is planning to quit, US media reports. The deputy attorney general made the decision to step down after two years in the role, according to US media. He has been a frequent target of President Donald Trump's criticism. (BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

ISRAEL EX-MINISTER ADMITS SPYING FOR IRAN

Former Israeli Cabinet Minister Gonen Segev is to be jailed for 11-years after he admitted spying for Iran, Israel's justice ministry says. Segev, who served as energy minister in the 1990s was allegedly recruited while working as a doctor in Nigeria. He was accused of leaking details about Israeli officials and security sites.

(BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

GUATEMALA COURT BLOCKS UN TEAM EXPULSION

Guatemala's constitutional court has suspended a decision by the government to kick out a US body that was investigating the country's president. The International Commission against Impunity in Guatemala has been running for more than a decade. On Monday politicians informed the body it had 24-hours to leave.

(BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

UN CONSIDERS SAUDI WOMAN A REFUGEE

A Saudi woman who fled her family had refused to leave a Bangkok hotel has been declared a legitimate refugee by the UN. The Australian government says, Rahaf Mohammed al Qunun, 18 refused to board a flight from Bangkok to Kuwait on Monday and barricaded Islam, which is punishable by death in Saudi Arabia. The US's refugee agency has referred her case to Australia for possible resettlement.

(BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

FRESH BREXIT SETBACK FOR MAY IN MP's VOTE

Rebel tory MP's have joined forces with Labour to inflict a fresh blow on Theresa May's government in a Commons Brexit vote. It means the goverment will have to come up with fresh plans within three days if Mrs. May's EU withdrawal deal is rejected by MP next week. It could also open the door to alternativeds, such as a referendum. (BBC: 2200+23:00 hrs. 09-01-19 Faruk/Helal)

::--:: THE END ::--::